

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৮১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২২১. মসজিদে মিম্বার স্থাপন সম্পর্কে

باب فِي اتِّخَاذِ الْمِنْبَرِ

আরবী

حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَلِيّ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، عَنِ ابْنِ أَبِي رَوَّادٍ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم لَمَّا بَدُنَ قَالَ لَهُ تَمِيمٌ الدَّارِيُّ أَلَا أَتَّخِذُ لَكَ مِنْبَرًا يَا رَسُولَ اللهِ يَجْمَعُ _ أَنْ يَحْمِلُ _ عِظَامَكَ قَالَ " بَلَى " . فَاتَّخَذَ لَهُ مِنْبَرًا مِرْقَاتَيْنِ .

_ صحيح: خ معلقاً

বাংলা

১০৮১। ইবনু 'উমার (রাঃ) সূত্রে বর্ণিত। (বয়োঃবৃদ্ধির কারণে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শরীর ভারী হয়ে গেলে তামীম আদ-দারী (রাঃ) তাঁকে বললেন, হে আল্লাহ রসূল! আমি কি আপনার জন্য একটা মিম্বার তৈরি করে দিবো না, যার উপর আপনার শরীরের ভার রাখবেন? তিনি বললেন, হ্যাঁ। কাজেই তিনি তাঁর জন্য দুই ধাপবিশিষ্ট একটি মিম্বার তৈরী করে দেয়া হয়।[1]

সহীহ : বুখারী মু'আল্লাক ভাবে।

English

Ibn 'Umar said:

When the Prophet (ﷺ) became fat, Tamim al-Dari said to him: Should I make for you pulpit, Messenger of Allah, that will bear the burden of your body? He said: Yes. So he made a pulpit consisting of two steps.

ফুটনোট

[1] বুখারী এটি 'মানাকিব' অধ্যায়ে 'নাবুওয়্যাতের নিদর্শন' অনুচ্ছেদে মু'আল্লাক্ক হিসেবে বর্ণনা করেছেন। হাফিয



ইবনু হাজার 'ফাতহুল বারী' (২/৪৬৩) গ্রন্থে বলেন : হাদীসটি সংক্ষেপে আবূ দাউদ, হাসান ইবনু সুফয়ান এবং বায়হাকী বর্ণনা করেছেন আবূ 'আসিম হতে.। আর এর সানাদ ভাল (জাইয়্যিদ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন